

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ ভাদ্র ১৪২৭/ ০৩ সেপ্টেম্বর ২০২০

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.১০৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘নতুন
উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটি’ নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

- | | | | |
|-----|-------------------------------------|---|--------|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | : | সভাপতি |
| (২) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৩) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৪) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | সচিব, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(৮৫৩৫)

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) নতুন উপজেলা, থানা ও তদন্তকেন্দ্র স্থাপন সম্পর্কিত নীতিমালা প্রণয়নের জন্য সুপারিশ প্রদান;
 - (২) উপজেলা ও থানার অধিক্ষেত্র এবং সদর দপ্তর স্থাপনের স্থান সম্পর্কে সুপারিশ প্রদান;
 - (৩) উপজেলা ও থানা স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমি ও ভৌত অবকাঠামো সুবিধাদি নিরূপণ ও সুপারিশ প্রদান;
 - (৪) উপজেলা ও থানার বিভিন্ন সরকারি অফিসসমূহের ন্যূনতম জনবল নির্ধারণ ও পদায়ন প্রক্রিয়া সম্পর্কে সুপারিশ প্রদান;
 - (৫) ভূমি অধিগ্রহণ, ভৌত অবকাঠামো ও জনবলের জন্য প্রয়োজনীয় অর্থের প্রাক্কলন প্রণয়ন ও সংকুলান সম্পর্কে সুপারিশ প্রদান;
 - (৬) উপজেলা, থানা, ইউনিয়ন, মৌজার কোন এলাকা অন্য উপজেলা, থানা, ইউনিয়ন বা মৌজার সাথে সংযুক্ত বা বিযুক্ত হবে সে বিষয়ে সুপারিশ প্রদান;
 - (৭) পুলিশ তদন্তকেন্দ্রের দপ্তর স্থাপনের স্থান নির্ধারণ;
 - (৮) পুলিশ তদন্তকেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমি ও ভৌত অবকাঠামো সুবিধাদির প্রস্তাব অনুমোদন;
 - (৯) পুলিশ তদন্তকেন্দ্রের ন্যূনতম জনবল নির্ধারণ ও পদায়ন প্রক্রিয়া অনুমোদন; এবং
 - (১০) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।
- (গ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঘ) কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন

উপসচিব

ফোন: ৯৫১১০৮১

ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯

e-mail: ca_sec@cabinet.gov.bd

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd